

# শনিবার থেকে আন্দোলনে নামছেন প্রাথমিকের শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক



কাঞ্চিত গ্রেড বাস্তবায়নের নিশ্চয়তা না  
পাওয়ায় আবারও আন্দোলনে নামছেন সরকারি  
প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।  
‘প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদ’ নামে  
একটি মোচা গঠন করে আগামীকাল শনিবার  
(৮ নভেম্বর) থেকে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে  
অবস্থান কর্মসূচি পালন করবে প্রাথমিক শিক্ষক  
সংগঠনগুলো।

বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক  
সমিতির সভাপতি মোহাম্মদ শামছুদ্দীন  
মাসুদের পাঠানো এক বিবৃতিতে এ বিষয়ে

বিস্তারিত জানানো হয়। বিবৃতিতে সহকারী  
শিক্ষকদের তিন দফা দাবি জানানো হয়।

সেগুলো হলো—১০ম গ্রেডে বেতন নির্ধারণ, ১০  
বছর ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড সমস্যার  
সমাধান এবং শতভাগ বিভাগীয় পদোন্নতি।

দাবি বাস্তবায়ন পরিষদের এই আন্দোলনে  
রয়েছে—বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি  
(কাশেম-শাহিন), বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয়  
সহকারী শিক্ষক সমিতি, বাংলাদেশ প্রাথমিক  
শিক্ষক সমিতি (শাহিন-লিপি), সহকারী শিক্ষক  
১০ম গ্রেড বাস্তবায়ন পরিষদসহ আরো বেশ  
কয়েকটি প্রাথমিক শিক্ষক সংগঠন।

শিক্ষক সংগঠনগুলো জানিয়েছে, তারা ২০  
হাজার শিক্ষকের উপস্থিতি কামনা করছেন। যা  
দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের চালিয়ে  
যাওয়ার ঘোষণা আছে।

মন্ত্রণালয়ের কর্মকর্তারও শিক্ষকদের সঙ্গে  
যোগাযোগের চেষ্টা করছেন।

দেশে ৬৫ হাজার ৫৬৭টি সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ে বর্তমানে ৩ লাখ ৮৪ হাজার শিক্ষক  
কর্মরত। গণশিক্ষা মন্ত্রণালয় গত ২৪ এপ্রিল এক

আদেশে ১১তম গ্রেডে বেতন পাওয়া প্রধান  
শিক্ষকদের বেতন ১০ম গ্রেডে এবং ১৩তম  
গ্রেডে বেতন পাওয়া শিক্ষকদের বেতন ১২তম  
গ্রেডে উন্নীত করার কথা জানায়। তবে তাতে  
সন্তুষ্ট নন সহকারী শিক্ষকরা।